২৭ বছর পূর্তি উৎসব

আলোকশিখা জ্বলুক প্রাণে

আবদুল্লাহ আল-মামুন

থিয়েটার স্কুল

২৭ বছর পূর্তি উৎসব

১৯ জানুয়ারি ২০১৮, শুক্রবার
বাংলাদেশ শিল্পকলা একাডেমি

সেমিনার

বিষয় : **চিরায়ত নাট্যরীতি ও সমকালীন প্রযোজনা নিরীক্ষা**
বিষয়বস্তু উপস্থাপক : অধ্যাপক আবদুস সেলিম
স্থান : সেমিনার কক্ষ, ৭ম তলা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সময় : সকাল ১০:৩০ মি.

আনন্দ শোভাযাত্রা

সময় : বিকাল ৪টা

সান্ধ্য আয়োজন

উৎসব আনুষ্ঠানিকতা ও সাংস্কৃতিক পরিবেশনা

প্রধান অতিথি : জনাব আসাদুজ্জামান নূর, এমপি
মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থান : জাতীয় নাট্যশালা, বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সময় : সন্ধ্যা ৬টা

২৭ বছরে হারিয়েছি যাঁদের

শিক্ষকবৃন্দ

প্রতিষ্ঠাতা অধ্যক্ষ
কবীর চৌধুরী

প্রতিষ্ঠাতা উপাধ্যক্ষ
আবদুল্লাহ আল-মামুন

সব্যসাচী লেখক
সৈয়দ শামসুল হক

ভাষাতাত্ত্বিক
নরেন বিশ্বাস

বাচিক শিল্পী
কাজী আবু জাফর সিদ্দিকী

শিল্প নির্দেশক
হাসান আহমেদ

নির্দেশক-অভিনেতা
ফরহাদ জামান পলাশ

শিক্ষার্থীবৃন্দ

দিলারা ইয়াসমিন, ১ম ব্যাচ

মমতা সরকার, ৪র্থ ব্যাচ

মোঃ ফজলে রাব্বি, ৪র্থ ব্যাচ

নিশাত জিয়া (লুবনা), ৬ষ্ঠ ব্যাচ

মোঃ জগলুল আলম, ৮ম ব্যাচ

নুরুল আমান (অপু আমান), ১০ম ব্যাচ

মোঃ মুসা ইসলাম, ২৩তম ব্যাচ

আমাদের থিয়েটার স্কুল

রামেন্দু মজুমদার

১৯৯০ তে যখন আমরা থিয়েটার স্কুল প্রতিষ্ঠা করি তখন তিনটি বিশ্ববিদ্যালয়ের বাইরে প্রাতিষ্ঠানিক পর্যায়ে নাট্যশিক্ষার কোনো প্রতিষ্ঠান ছিল না। আমাদের উদ্দেশ্য ছিল নাটক নিয়ে যারা বিভিন্ন দলে কাজ করতে আগ্রহী, তাদেরকে যাতে নাটকের বিভিন্ন দিক সম্পর্কে একটা প্রাথমিক ধারণা দেয়া যায়। কারণ আমরা বিশ্বাস করি ভালো নাটক করতে হলে নাটক সম্পর্কে জানা দরকার, লেখাপড়া করা দরকার।

আমাদের নাট্যকার-নির্দেশক আবদুল্লাহ আল-মামুন দিল্লীর ন্যাশনাল স্কুল অব ড্রামা ও কলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সিলেবাস পর্যালোচনা করে আমাদের উপযোগী করে এক বছরের একটা পাঠ্যক্রম প্রণয়ন করেন। আমরা জোর দিয়েছি বেশি ব্যবহারিক দিকে, সাথে তত্ত্বীয় বিষয়গুলোও রয়েছে। প্রথম দিকে সপ্তাহে দু'দিন করে ক্লাস হতো প্রতিদিন তিন ঘণ্টা করে।

কয়েক বছর পর সংবাদপত্রে থিয়েটার স্কুলের উপর একটি প্রতিবেদন দেখে ফোর্ড ফাউন্ডেশানের কনসালটেন্ট বিশিষ্ট সংগীতজ্ঞ ভাস্কর চন্দ্র ভারকার আমাদের সাথে যোগাযোগ করেন। থিয়েটার স্কুলের সম্ভাবনা উপলব্ধি করে তিনি আমাদের কিছু পরামর্শ দেন। তাঁর প্রস্তাবমতো আমরা থিয়েটার স্কুলের একটা আইনগত ভিত্তি তৈরি করার জন্য 'থিয়েটার ইন এডুকেশন' নামে একটি সংস্থা গঠন করি এবং এ সংস্থাকে ফোর্ড ফাউন্ডেশান তিন বছরের জন্য আর্থিক অনুদান দেয়। এ অনুদানের ফলে আমরা ক্লাসের সংখ্যা বাড়িয়ে সপ্তাহে তিন দিন করি। ঢাকার বাইরে ১৪টি জেলা শহরে তিন মাসের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করি, কয়েকটি বিষয়ে স্বল্প মেয়াদি উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা করি এবং নাটকের বইয়ের একটা সমৃদ্ধ গ্রন্থাগার প্রতিষ্ঠা করি। বাংলাদেশে ফোর্ড ফাউন্ডেশানের কার্যক্রম বন্ধ হয়ে যাবার পর তাদের উত্তরসূরি বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশান এক বছর সীমিত আকারে আমাদেরকে কার্যক্রম চালাবার জন্য একটা অনুদান প্রদান করে।

থিয়েটার স্কুল চালাবার পথে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা অর্থের। ছাত্র-ছাত্রীদের কাছ থেকে আমরা যে টাকা পাই, তাতে দু'মাস চালানোই কষ্টকর। ফলে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহৃদয় সহায়তা নিয়ে আমরা থিয়েটার স্কুলের কার্যক্রম অব্যাহত রেখেছি। দ্বিতীয় সংকট স্থায়ী জায়গার। বিভিন্ন জায়গা ঘুরে বর্তমানে যেখানে আমরা স্কুল চালাচ্ছি সেখানকার ভাড়া বহন করা আমাদের জন্য খুবই কষ্টকর। এক টুকরো জমির জন্য আমরা সরকারের কাছে আবেদন করেছি। এখনো কোনো ইতিবাচক সাড়া পাইনি। জমি সংগ্রহর জন্য শারজাহ্‌র্ নাট্য-মোদী আমীর ড. শেখ সুলতান আমাদেরকে একটা অনুদান দিয়েছেন- যা ব্যাংকে গচ্ছিত আছে। কিন্তু জমি সংগ্রহ করতে আমরা ব্যর্থ হয়েছি। আমাদের বিশ্বাস একটা জমি যদি পাই, সেখানে সবার সহযোগিতা নিয়ে থিয়েটার স্কুলের স্থায়ী ভবন নির্মাণ করতে পারব।

আরেকটি হতাশা, দীর্ঘমেয়াদি কোর্সের প্রতি ছাত্র-ছাত্রীদের অনীহা। আমরা এক বছরের কোর্সটিকে ডিপ্লোমায় রূপান্তরিত করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি গ্রহণ করলাম। কিন্তু ডিপ্লোমা কোর্সের জন্য ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণরাই আবেদন করতে পারবে বলে সে কোর্সে প্রয়োজনীয় সংখ্যক আবেদনকারী পেলাম না। ক্রমেই এক বছর মেয়াদি কোর্সে ভর্তি হতে ইচ্ছুকদের সংখ্যা কমে আসছে। সবাই স্বল্পমেয়াদি কোর্স করতে আগ্রহী।

ফলে গত বছর থেকে আমরা এক বছর মেয়াদি কোর্সটি আপাতত বন্ধ রেখে ছয় মাস মেয়াদি একটি বেসিক কোর্স চালু করেছি। ছাত্র-ছাত্রীদের যাতায়াতের অসুবিধার কথা বিবেচনায় রেখে সপ্তাহে তিন দিনের জায়গায় এখন দু'দিন ক্লাস হয়, তবে প্রতিদিন তিন ঘণ্টার জায়গায় সময় বেড়ে এখন চার ঘণ্টা ক্লাস।

থিয়েটার স্কুলের শিক্ষা কেবল নাটকে নয়, ব্যক্তি জীবন এবং কর্ম জীবনে প্রতিষ্ঠা পেতে সহায়ক হয়েছে। থিয়েটার স্কুলের কোর্স সম্পন্ন করে অনেকে গণমাধ্যমে কাজের সুযোগ পেয়েছে।

২০০৮ সালে প্রতিষ্ঠাতা উপাধ্যক্ষ আবদুল্লাহ আল-মামুনের প্রয়াণের পর তাঁর স্মৃতিকে ধরে রাখার জন্য আমাদের স্কুলের নাম পরিবর্তন করে 'আবদুল্লাহ আল-মামুন থিয়েটার স্কুল' রেখেছি।

থিয়েটার স্কুল থেকে যারা প্রশিক্ষণ নিয়ে বের হয়েছে তারাই কিন্তু এ স্কুলের প্রচার ও প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। যারা মঞ্চ নাটক করতে আন্তরিকভাবে আগ্রহী, তারা যেন থিয়েটার স্কুলের প্রশিক্ষণের সুযোগ নেয়, এ ব্যাপারে উদ্বুদ্ধ করতে স্কুলের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের আমি আহ্বান জানাই।

আমার বিশ্বাস, ২৭ বছরের পথ চলা থেমে যাবে না। নতুন উদ্যমে আবদুল্লাহ আল-মামুন থিয়েটার স্কুল সামনের দিকে এগিয়ে যাবে, নতুন শক্তি সঞ্চয় করে।

কৃতজ্ঞতা জানাই থিয়েটার স্কুলের শিক্ষকবৃন্দকে যাঁরা সামান্য সম্মানীর বিনিময়ে তাঁদের মূল্যবান সময় ব্যয় করে শিক্ষার্থীদের আলোকিত করে চলেছেন। আর পৃষ্ঠপোষকদের প্রতি আমাদের অশেষ কৃতজ্ঞতা।

রামেন্দু মজুমদার : অধ্যক্ষ, আবদুল্লাহ আল-মামুন থিয়েটার স্কুল

থিয়েটার স্কুলের উদ্বোধনী অনুষ্ঠান, ২৪ আগস্ট ১৯৯০

থিয়েটার স্কুল : এক সোনালী অধ্যায়

আতাউর রহমান

মঞ্চ নাটক নিয়েই আমার লাগাম-ছাড়া এবং পাগল-পারা দিনগুলোতে 'থিয়েটার স্কুল' ছিল আমার আরেক আনন্দ নিবাস। সেই থিয়েটার স্কুল দেখতে দেখতে প্রতিষ্ঠার ২৭ বছর পূর্ণ করেছে। এ আমার জন্যে আনন্দ ও শ্লাঘার বিষয়। 'থিয়েটার স্কুল' ছিল মঞ্চের বাইরে আমার নাট্যপ্রীতির আরেকটি নিবাস। এই স্কুলটি প্রতিষ্ঠার পেছনে 'থিয়েটার' নাট্যদলের প্রথিতযশা ও বিদ্বজ্জন নিবেদিত প্রাণ নাট্য-পুরুষ ও নারীদেরকে স্মরণ করতেই হয়। আমাদের দেশের বিবেক- বিদ্বজ্জন ও নাট্য অন্তপ্রাণ জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীকে সর্বাগ্রে স্মরণ করতে হয়। তিনি ছিলেন 'থিয়েটার' নাট্যদলের কর্ণধার। দেশ গৌরব মুনির চৌধুরী ছিলেন 'থিয়েটার' নাট্যদলের প্রাণ পুরুষ। তাঁকে আমরা বাংলাদেশের স্বাধীনতার প্রাক্কালে চিরজীবনের জন্যে হারাই। তাঁকে প্রাণ দিতে হয়েছিল কুখ্যাত রাজাকার-আলবদরদের নিষ্ঠুরাঘাতে। আমার বন্ধু ও নাট্যশিক্ষক আব্দুল্লাহ আল-মামুনের মতো প্রতিভাবান নাট্যকার; নির্দেশক ও অভিনেতা ছিলেন 'থিয়েটার' নাট্যদল এবং থিয়েটার স্কুলে'র অন্যতম প্রধান চালিকা শক্তি। সেদিনের ঢাকা হল যা আজকের ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল হিসেবে পরিচিত, সেই হলের সাথে যুক্ত ছিলাম আমি ও মামুন এবং মামুনের হাত ধরেই আমার নাট্য জগতে প্রবেশ। পরবর্তীতে যদিও আমি নাগরিক নাট্য সম্প্রদায়ের সাথে যুক্ত হই কিন্তু তার মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত আমাদের বন্ধুত্ব ছিল অটুট। এই প্রতিভাবান নাট্য পুরুষটি অকালে চলে গেলেন এবং আমাদের জন্যে রেখে গেলেন সীমাহীন দুঃখ আর আক্ষেপের এক ধূসর জগৎ। রামেন্দু মজুমদার আরেক কিংবদন্তি সম-নাম; যাঁর সাথে আমার বন্ধুত্বের সূত্রপাত হয় আমাদের বিশ্ববিদ্যালয়ের উজ্জ্বল দিনগুলোর সময় থেকে। পরবর্তীতে গ্রুপ থিয়েটার ফেডারেশান, সম্মিলিত সাংস্কৃতিক জোট এবং ইন্টারন্যাশনাল থিয়েটার ইন্সটিটিউট সুবাদে সেই বন্ধুত্ব আরো গভীর হয়। ফেরদৌসী মজুমদারের বহু পরিচয় কিন্তু সব কিছুকে ছাপিয়ে উনি আমাদের দেশে মঞ্চের প্রধান অভিনেত্রী হিসেবে বিবেচিত হয়ে আসছেন বহুকাল থেকে। তিনি যেকোনো দেশে, যেকোনো কালে এক অনন্য প্রতিভাবান অভিনেত্রী হিসেবে বিবেচিত হতেন এবং হবেন এই বিষয়ে আমার কোনো সন্দেহ নেই। ফেরদৌসী মজুমদারও থিয়েটার স্কুলের নীতি নির্ধারকদের অন্যতম এবং শিক্ষিকা হিসেবে এই স্কুলের জন্মলগ্ন থেকে জড়িত আছেন। আমি গৌরবান্বিত বোধ করি এই ভেবে যে, আমি ফেরদৌসী মজুমদারকে অনেকদিন ধরে কাছে থেকে দেখেছি এবং তাঁকে আমি চিনি।

এছাড়াও দেশ বরেণ্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও এই স্কুলে শিক্ষকতা করে আসছেন স্কুলের জন্মলগ্ন থেকে। দিল্লির ন্যাশনাল স্কুল অব ড্রামা'র (এন,এস, ডির) বেশ কয়েকজন স্নাতক থিয়েটার স্কুলের শিক্ষক হিসেবে জড়িত ছিলেন এবং আজও আছেন।

রামেন্দু মজুমদার ও আব্দুল্লাহ আল-মামুনের উদ্যোগে আমি থিয়েটার স্কুলে অধ্যাপনা করার সুযোগ পাই। আমি পড়াতাম নাটকের ইতিহাস। মিসরীয় যুগ, গ্রীসীয় যুগ এবং ভারতীয় আদি থিয়েটার ছিল আমার বিষয়। এছাড়াও বাংলাদেশের নাট্যকারদের পরিচিতিমূলক অধ্যায়ও আমাকে পড়াতে হতো। আমি থিয়োরিটিক্যাল ক্লাস নিতাম। ব্যবহারিক বা ফলিত ক্লাসগুলো নিতেন যাঁদের এই বিষয়ে প্রত্যক্ষ জ্ঞান ছিল। যেমন, এন,এস, ডি- এর স্নাতক এস, এম, মহসীন যোগ ব্যায়ামের ক্লাস নিতেন। দেশের গুণী ও বরেণ্য শিক্ষকবৃন্দ থিয়েটার স্কুলে নিয়মিত

ক্লাস নিতেন। এই ডিপ্লোমা কোর্স নয় মাসের হলেও তা ছিল যথেষ্ট সারবত্তা পূর্ণ। নাট্যচর্চার প্রতিটি শাখার ব্যাপারে পরিচালনা পর্ষদ ছিল অত্যন্ত সজাগ। আজকের মঞ্চ, টেলিভিশান এবং চলচ্চিত্রের অনেক প্রথিতযশা অভিনেতাদের অনেকেই থিয়েটার স্কুলে পাঠ নিয়েছেন।

আমি ব্যক্তিগত কিছু সমস্যার কারণে বর্তমানে থিয়েটার স্কুলে পাঠ দান করতে পারছি না। আমার অধিক বয়সও একটা বাধা হয়ে দাঁড়িয়েছে। এতদসত্ত্বেও 'থিয়েটার স্কুল' আমার হৃদয়ে স্থায়ী আসন গেড়ে আছে এবং আমার যৌবনের একটি সোনালী অধ্যায়কে ধারণ করছে। থিয়েটার স্কুলের পথচলা অনাদিকাল ধরে অব্যাহত থাকুক, এই আমার কামনা। থিয়েটার স্কুল আমার অহংকার ও ভালোবাসার অন্যতম পাদপীঠ। জয়তু থিয়েটার স্কুল।

মঞ্চসারথী আতাউর রহমান : নির্দেশক ও অভিনেতা

থিয়েটার স্কুলের উদ্বোধনী অনুষ্ঠান, ২৪ আগস্ট ১৯৯০

নাটক ও নন্দনতত্ত্ব

সৈয়দ মনজুরুল ইসলাম

থিয়েটার স্কুলের শুরুর কয়েক বছর রামেন্দু দা'র আমন্ত্রণে আমি নন্দনতত্ত্বের ওপর ক্লাস নিতাম। পড়াতাম বললে ভুল বলা হবে, কারণ বিষয়টা নিয়ে আমরা সবাই মিলে আলোচনা করতাম। আমি কিছু সূত্র ধরিয়ে দিতাম, এবং শিক্ষার্থীরা তাঁদের মতো করে সেগুলো ব্যাখ্যা করতেন, নিজেদের অভিজ্ঞতার সঙ্গে মিলিয়ে নিতেন। তবে প্রথম ক্লাসেই যে সবাই আলোচনায় সামিল হতেন, তা নয়, যেহেতু নন্দনতত্ত্বের 'তত্ত্ব' কথাটা একটু গোল বাঁধিয়ে দিত। আমাদের দেশে তত্ত্ব নিয়ে একটা দ্বিধা আছে কিছুটা নিষ্পৃহতাও আছে। তত্ত্ব নিয়ে কথা বলবেন তাত্ত্বিকেরা, পণ্ডিতেরা – এরকম একটি চিন্তা এখনও প্রচলিত দেখতে পাই।

তবে আমার প্রথম ক্লাস শেষ হওয়ার আগেই সবাই বুঝতেন, নন্দনতত্ত্ব যত না তত্ত্বের বিষয়, তার থেকে বেশি অনুধাবনের, অভিজ্ঞতার, চর্চার। এই চর্চার বিষয়টা শিল্পের যেকোনো অঞ্চলের জন্য জরুরি, তবে এর উপস্থিতি জীবনের সকল ক্ষেত্রে। নন্দন শব্দের একটা অর্থ হচ্ছে সৌন্দর্য, সেই অর্থে নন্দনতত্ত্ব হচ্ছে সৌন্দর্যবিদ্যা, বা সৌন্দর্য বিজ্ঞান – যেহেতু যেকোনো বিদ্যার কিছু সুনির্দিষ্ট প্রয়োগ চিন্তা থাকে, যা করা হয় নিয়ম-শৃঙ্খলার মধ্য দিয়ে, এবং যাদের একটা যুক্তি নির্ভরতাও থাকে। এই অর্থে বিজ্ঞানের অবতারণা। নাটক যেহেতু শিল্পের এক গুরুত্বপূর্ণ মাধ্যম, এবং একটি আদি মাধ্যমও বটে, নন্দতত্ত্বে অবস্থানটা এই শিল্পের জন্য প্রয়োজনীয়। তাছাড়া নাটকের একটি বৈশিষ্ট্য হচ্ছে, এটি মঞ্চ এবং দর্শকের মধ্যে একটি তাৎক্ষণিক সম্পর্ক সৃষ্টি করে। ভালো নাটক দর্শক জীবনেও গ্রহণ করে। আর যেখানে অনেক মানুষের জীবনকে একটি শিল্প স্পর্শ করে যায়, যেখানে প্রভাবের বিষয় থাকে। সে জন্য নন্দন চিন্তাও গুরুত্বপূর্ণ হয়ে পড়ে।

নাটকের খারাপ একটি চরিত্র যদি দর্শকের মনে চিরস্থায়ী আসন করে নেয়, যেমন শেক্সপিয়রের ইয়াগো (ওথেলো নাটকে) তাহলে তার খারাপত্ব কি তাদের মধ্যে সঞ্চারিত হয়ে যাবে? নাটকের একটি চরিত্র মাদকে আসক্ত হয়ে মারা গিয়ে দর্শকের সহানুভূতি পেলে তার মাদকাশক্তিও কি দর্শকের মধ্যে ছড়িয়ে পড়বে? এ দু'টি প্রশ্নের উত্তর অবশ্যই 'না', কিন্তু কেন না, এর উত্তর খুঁজলে দেখা যাবে, এর পেছনে আছে নন্দনচিন্তার ভূমিকা। মানুষের ভেতর – সকল মানুষের ভেতর একটি সৌন্দর্যবোধ আছে। এটি তার অন্তর্নিহিত একটি গুণ। এটিকে কিন্তু জাগাতে হয়। চর্চা এবং প্রয়োগের মাধ্যমেই এর জেগে থাকা নিশ্চিত হয়। নাটক সেই কাজ করতে পারে।

নন্দনতত্ত্ব বিষয়টি কি তা নিয়ে একটু আলোকপাত করা যেতে পারে। ব্যাপক অর্থে নন্দনতত্ত্ব সৌন্দর্যচর্চার কিছু সূত্র উপস্থাপন করে, যে চর্চা ১. প্রকৃতির ভেতরে, ২. জনজীবনের মধ্যে, ৩. শিল্প-সাহিত্যের বিস্তীর্ণ অঞ্চলে, ৪. ব্যক্তির মধ্যে যেসব সৌন্দর্যানুভূতি আছে, সেগুলোকে ব্যাখ্যা করে, বর্ণনা করে। ফলে, এটি বায়বীয় কোনো বিষয় নয়, অথবা বিমূর্ত কিছুও নয়। সৌন্দর্য যেখানে আছে, সেখানেই সৌন্দর্যের সূত্রগুলি আছে। একদিকে এই সূত্রগুলিতে সংশ্লিষ্ট রূপ, রস, সুমিতি ইত্যাদির বিষয়, যেহেতু এগুলোর সম্মিলনে সৌন্দর্য সৃষ্টি হয়, অন্যদিকে আছে উপযোগিতা, প্রায়োগিকতা এসব বিষয়ও। সৌন্দর্য কি শুধুই সৌন্দর্য, কেবলই এক মোহনীয় প্রকাশ, নাকি এর সামাজিক উপকারিতা আছে? কলাকৈবল্যবাদীরা বলেন সুন্দর যা, তা কেবলই সুন্দর, কোনো কাজে লাগার দায় এর নেই। কিন্তু উপযোগিতাবাদীরা বলেন, শিল্পের

এবং সৌন্দর্যের একটা সামাজিক দায় আছে। সুকান্ত যে একটি কবিতায় পূর্ণিমার চাঁদকে ঝলসানো রুটির সঙ্গে তুলনা করেছেন, তাতে সৌন্দর্যের অনুভূতিটা ক্ষুধার তীব্রতার সঙ্গে মিলে যায়।

নাটক এমন একটি মাধ্যম যেখানে সৌন্দর্যের ওই বিভিন্ন প্রকাশ একটা সাযুজ্য লাভ করে। রবীন্দ্রনাথের অচলায়তন অথবা রক্তকরবী সৌন্দর্যের যে বোধটি দেয় তা মানুষের জেগে ওঠার, নানান প্রতিবন্ধকতা কাটিয়ে মানবসত্যের জয়গান গাওয়া। এমনকি ব্রেখট-এর মাদার কারেজ অথবা থ্রি পেনি অপেরা (যেগুলো বাংলা অনুবাদে ঢাকার মঞ্চে প্রদর্শিত হয়েছে) এপিক থিয়েটারের অনুষদ ধারা করেও সৌন্দর্যকে ব্যক্তির প্রতিরোধ অথবা বস্তুচিন্তার বিপরীতে তার অবস্থানকে চিহ্নিত করে।

যারা নাটক করেন, তাদের আমরা নাট্যজন বলে অভিহিত করি, যাদের মধ্যে নাট্যকার থেকে সংগীত পরিচালক আছেন, তাদের সৌন্দর্যবোধটি সক্রিয় থাকতে হবে, যেহেতু নাটক এমন একটি মাধ্যম যা মানুষের মনে তাৎক্ষণিক একটি অবদান রাখে। সৌন্দর্যের কথা বলা হলো, তা খুব চর্চিত, শাস্ত্রীয় হতে পারে, আবার জনজীবনের ভেতর থেকে যাকে বলে লোককলার মধ্য দিয়ে উঠে আসতে পারে। একজন নাট্যজনের পৃথিবীটা এজন্য আকীর্ণ থাকতে হবে মানুষ ও প্রকৃতির জন্য ভালোবাসায়।

থিয়েটার স্কুল তার শিক্ষার্থীদের মধ্যে সৌন্দর্যের প্রতি ভালোবাসা জাগাচ্ছে, এজন্য এই প্রতিষ্ঠানের সর্বাঙ্গীন উন্নতি কামনা করি।

ড. সৈয়দ মনজুরুল ইসলাম : শিক্ষাবিদ ও লেখক

নন্দনতত্ত্ব ক্লাসে অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম

নাট্যে নৃত্যের প্রয়োগ : প্রয়োজন ও উপযোগিতা

শর্মিলা বন্দ্যোপাধ্যায়

মুখের স্বরের সুরের সাহায্যে গান, হাতের মুদ্রা দিয়ে সেই গানের অর্থকে প্রকাশ করা, চোখের সাহায্যে ভাব-রসের প্রকাশ আর পায়ের সাহায্যে তাল ও লয় মেনে উপস্থাপিত হলে, তাই হয় নৃত্য।

যেখানেই হাত সেখানেই দৃষ্টি, যেখানেই দৃষ্টি সেখানেই মন, যেখানে মন সেখানে ভাব আছে সেখানেই হয় রসের সৃষ্টি। এই রস সৃষ্টি হলেই সার্থকতা পায় নৃত্য।

রবীন্দ্রনাথ তাঁর নৃত্য সম্পর্কে ধারণার এক জায়গায় বলেছেন, "আমাদের দেহ বহন করে অঙ্গ-প্রতঙ্গের ভার আর তাকে চালনা করে অঙ্গ-প্রতঙ্গের গতিবেগ। এই দুই বিপরীত পদার্থ যখন পরস্পরের মিলনে লীলায়িত হয়, তখন জাগে নাচ। দেহের ভারটাকে দেহের গতি নানা ভঙ্গীতে বিচিত্র করে – জীবিকার প্রয়োজনে নয় – সৃষ্টির অভিপ্রায়ে; দেহটাকে দেয় চলমান শিল্পরূপ তাকে বলি নৃত্য।"

ভরতের নাট্যশাস্ত্রে তিনটি বিষয়ের উপর ভার দেয়া হয়েছে। নাট্য, নৃত্ত এবং নৃত্য। নাট্যশাস্ত্রে উল্লেখ রয়েছে "শরীর মাদ্যং খলু ধর্ম সাধনং" দেহই হচ্ছে মুখ্য। মানুষের জীবনে তাই প্রথম প্রয়োজন দেহকে লীলায়িত ছন্দে, ভঙ্গিমায় বর্ণিত করে তৈরি করা – যা দেহকে পরিশুদ্ধ এবং সাবলীল করে তোলে। পাঠ্য, অভিনয়, গীত ও রস এই চতুর্বেদাঙ্গযুক্ত কলাকেই নাট্য, নৃত্ত, নৃত্য এই তিনটি ভাগে ভাগ করা হয়েছে।

যা নাট্য তাই নাটক, শব্দটি থেকে প্রাচীন ভারতীয় দৃশ্য কাব্যের বৈশিষ্ট্য বোঝা যায়। নাট ধাতুর অর্থ নৃত্য করা, তাই নৃত্যের মাধ্যমে কাহিনি যথোপযুক্তভাবে প্রয়োগ করাই হলো নাট্য। ভরতের নাট্যশাস্ত্রে নাট্য বলতে বোঝায় কথার সঙ্গে সঙ্গে মুদ্রা ও ভাবের একাত্মতা। নাট্য রসাশ্রয়, সুতরাং মুদ্রা সমন্বিত ভাব সম্মিলিত ছন্দোময় দেহের লীলায়িত ব্যঞ্জনা। এই নাট্যের সঙ্গে নৃত্য, গীত ও বাদ্যের সম্পর্ক অঙ্গাঙ্গিভাবেই সম্পর্কযুক্ত। নাট্য দৃশ্যকাব্যের অন্তর্ভুক্ত পাত্রপাত্রীয় ভাব, ভাষা অবস্থার অনুকরণ।

নৃত্ত হলো ভাববিহীন, অভিনয়হীন তাল-লয় সমন্বয়ে অঙ্গবিক্ষেপ অর্থাৎ শুধুমাত্র লীলায়িত দেহের ছন্দোময় প্রকাশকে নৃত্ত বলা যায়। তাই নৃত্ত হলো তাল-লয়ের বেশি জোর দিয়ে, অভিনয় ছাড়াই সবিলাস অঙ্গচালনা।

আর নৃত্য হলো ভাব, অভিনয় ও রস সমন্বিত নাট্যকলা। নাট্য, নৃত্ত ও নৃত্যের মধ্যে সাধারণ পার্থক্য হচ্ছে নাট্য রসাশ্রিত, নৃত্ত তাললয়াশ্রিত ও নৃত্য ভাবাশ্রিত। নাট্যের সাহায্যে দর্শকের মনে রস সঞ্চার হয়, নৃত্ত শোভা সম্পাদন করে আর নৃত্যের মাধ্যমে হৃদয়ে ভাবের উন্মোচন ঘটে।

নাট্যশাস্ত্রে এ কথা বলা হয়েছে, দেহ হচ্ছে আমাদের প্রধান সম্পদ, যা আমাদের জীবনে বাঁচার উৎসাহ ও উদ্দীপনার উৎস। আর নৃত্যই এই দেহের সৌন্দর্যের প্রকাশ ঘটে।

উপমহাদেশের নাট্যকলার চর্চায় কালে কালেই গীত, তাল-লয়, বাদ্য ও সংগীতের প্রাধান্য লক্ষিত হয়েছে। এসব মিলেই সমগ্র নাট্য প্রযোজনা সবকালেই মানুষ উপভোগ করে এসেছে। ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে ঐতিহ্যবাহী ও লোকনৃত্যের এত বৈচিত্র্য রয়েছে যে, বড় বড় নাট্য নির্দেশক সেসব নৃত্যের তাল-লয়, সংগীত-বাদ্য এবং শরীরের ভাষাকে এত সমন্বিত ও সুন্দরভাবে প্রয়োগ করেন যে প্রযোজনাটি উপভোগ্য হয়ে ওঠে।

ভারতের মহারাষ্ট্রে তামাশা, উত্তরপ্রদেশে নৌটংকি, গুজরাটে গরবা ও ভাওয়াই, কর্ণাটকে যক্ষগান, মধ্যপ্রদেশে মাছ্, রাজস্থানে খয়াল, কেরালার কুটিয়াট্টম ইত্যাদি লোকনাট্য ও ঐতিহ্যবাহী নাট্য আঙ্গিকে নৃত্যের ভাগই প্রধান, খুবই চিত্তাকর্ষক ও জাকজমকপূর্ণ। সংগীত অত্যন্ত হৃদয়গ্রাহী। আমাদের বাংলায় যাত্রা-পালা, আলকাপ, গম্ভীরা, রয়ানি গান, রামায়ন গান, অত্যন্ত উন্নত রসাশ্রিত ও দর্শক উপভোগ্য নৃত্য সংযোজিত থাকে। আমাদের আধুনিক শহুরে নাটকের প্রযোজনাতেও এ ধরনের যথোপযুক্ত নৃত্য শরীরীভঙ্গিমা ও তাল-লয়-বাদ্য সংগীতের সংযোজন ঘটলে নাট্য প্রযোজনা দর্শকের চিত্তরঞ্জন ঘটায়। এছাড়াও বিভিন্ন লোকনাট্য বা ঐতিহ্যনাট্যধারায় যুদ্ধ বিষয়ক ভঙ্গিমা বা মার্শাল আর্টস-এর ব্যবহার আছে, প্রশিক্ষণ নিয়ে নাট্য প্রযোজনায় সুপ্রযুক্ত হলে আমাদের নাট্যচর্চায় তা উল্লেখযোগ্য সংযোজন হিসেবে বিবেচিত হবে।

তাই নাটকের স্কুলে বা প্রশিক্ষণে নৃত্যের বিষয়টাকে গুরুত্বের সঙ্গে নিতে হবে, ছেলেমেয়েদের দেহ-শরীরের ভাষা তৈরিতে, তাল-লয়-বাদ্য সম্পর্কে শিক্ষা নাটকের শিক্ষার্থীকে একজন পূর্ণাঙ্গ অভিনেতা তৈরিতে সাহায্য করবে।

শর্মিলা বন্দ্যোপাধ্যায় : নৃত্যশিল্পী ও শিক্ষক

থিয়েটার স্কুলে ভর্তিচ্ছুদের সাক্ষাৎকার গ্রহণ

বাংলাদেশের মঞ্চগান

দেবজিত্ বন্দোপাধ্যায়

সালটা ১৯৭১।

বিশ্ব রাজনীতিতে ঘটল এক পালাবদল। পৃথিবীর মানচিত্রে জায়গা করে নিল স্বাধীন বাংলাদেশ। রাজনৈতিক স্বাধীনতার সঙ্গে অর্জিত হলো সাংস্কৃতিক স্বাধিকার। বহুধারা সংস্কৃতির মধ্যে প্রতিষ্ঠিত হলো নাট্যচর্চা। স্বাধীনোত্তর বাংলাদেশে মঞ্চনাটকের পালে লাগল নতুন ঢেউ। বহুবিচিত্র সে নাট্যপ্রকাশে বারবারই এসে মিলেছে লোকায়ত বাংলার সংগীতচেতনা। বাংলা ভাষার স্বাধীন মঞ্চায়নে লোকসংগীতের কয়েকটি নজির তুলে ধরা হলো এই অধ্যায়ে।

মামুনুর রশীদ-এর নাটক ওরা কদম আলি-তে বোবা কদমের লড়াই আপাতৃদষ্টিতে শিশু তাজুকে নিয়ে হলেও, তা আসলে সমাজের এক যুদ্ধবিধ্বস্ত চেহারা। সে যুদ্ধ ক্রমাগত চারিদিকে ছড়িয়ে পড়ে। নাট্যে গায়েনের ভাটিয়ালিতে তারই আভাস :

মাঝি চলরে উজান বাইয়া, মাঝি চলরে উজান বাইয়া....
হাঙ্গর কুমির পাশে ফিরে নর রক্তের লালা ঝরে
ও ভাই 'ভয় করোনা চালাও জোরে' বাদাম দাও উড়াইয়া
মাঝি চলরে উজান বাইয়া।

স্বাধীন বাংলাদেশে নাট্যকারেরা শেকড়সন্ধানী অভিলাষে মেলে ধরেছেন লোকজীবনের কাহিনি। স্বদেশের আর্থ-সামাজিক মূল্যবোধে নাট্যগভীরে গড়ে উঠেছে সমকালীনতা। লোকনাট্যের গীতিময় ভাষাকে সম্বল করে সৈয়দ শামসুল হক লিখলেন নূরলদীনের সারাজীবন। নাট্যকারের ভাবনায় নূরলদীনের সারাজীবন-এ আমি পাশ্চাত্যের রক মিউজিক্যাল নাটকের গঠন কৌশলে আমাদের ময়মনসিংহ গীতিকার পটভূমিতে দাঁড়িয়ে প্রয়োগ করবার চেষ্টা করেছি।

ডিমলাতেহে আছে রাজা গৌরীমোহন চৌধুরী
কিষাণ কারিগরের গলায় মারিল তাই ছুরি।

শামসুল হক তাঁর পরবর্তী কাব্যনাটক পায়ের আওয়াজ পাওয়া যায়-তে শোনালেন 'রুদ্র সূর্যের উত্তাপ নিয়ে হাজার হাজার মুক্তিযোদ্ধার রণজয়ী' আলেখ্য। নাট্যকারের কাব্যসংলাপ জুড়ে রয়েছে গ্রামীণ জীবনের প্রকাশ, প্রতীক আর পরিবেশ। সারা নাট্যের ছান্দিক শামসুল হক মঞ্চায়নের স্বার্থে গানের সহায়তা নিয়েছেন আস্কার ইবনে শাইখ-এর। পাঁচালির ঢঙে শোনা যায় শাইখ-এর সংযোজন :

উল্টা বিধান কেন গোঁসাই
উল্টা বিধান কেন গোঁসাই
পারের কড়ি আমরা গুনি
মজা লোটে জগাই মাধাই
উল্টা বিধান কেন গোঁসাই।

‘নগরীর নিয়ন আলোর পাশাপাশি আছে বস্তির অন্ধকার। এখানে এক ভিন্ন জগৎ। এখানকার মানুষগুলো এক মানবেতর জীবনযাপন করে। অথচ সবারই একদিন ঘর ছিল, চাষের জমি ছিল, ছিল গ্রামের আর দশটা মানুষের মতো বাঁচার অবলম্বনগুলো। কিন্তু আজ তারা ছিন্নমূল।’ এই সমাজ-ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ আবদুল্লাহ আল মামুন-এর মঞ্চ নাটক এখনও ক্রীতদাস। বস্তির পরিবেশ গড়ে তুলতে ব্যবহার করা হয় মস্তানদলের কাওয়ালি গান। গীত রচনায় নাট্যকারকে সহযোগ দেন আব্দুল হাই আল হাদী :

আল্লা তোমার লীলা খেলা কে বুঝিতে পারে
কেউবা থাকে দালান কোঠায় কেউবা পথের ধারে।
ধনীর ঘরে জন্ম নিলে না চাহিতে সবই মিলে
আলালের ঘরের দুলাল আমরা কেন হইলাম না
রেললাইনের বস্তি পাইলাম আর তো কিছু পাইলাম না।

ইতালির কবি ‘ওভিদ’ মেটামরফোসিস কাব্যে যে পৌরাণিক রূপান্তরের কথা বলেছেন, তাকে বাংলাদশের আর্থ-সামাজিক সাংস্কৃতিক পটভূমিতে প্রতিষ্ঠা দিয়েছেন নাট্যকার সেলিম আল দীন তাঁর কিত্তনখোলা মঞ্চ নাটকে। তালুকনগরের সাধক শিল্পী আজহার বয়াতির আদলেই নাট্যকার গড়ে তোলেন এ নাট্যের প্রধান চরিত্র মনাই বয়াতিকে। মনাই-এর ভনিতায় গীত হয় আজহার বয়াতিরই গান :

আমি কোন সাধনে পাব রে তোরে
আমার মনের মানুষ রতন। ...
মনাই কয় দিন বয়ে যায়
দেও মোরে চরণ।

সেলিম আল দীনের পরবর্তী রচনা কেরামতমঙ্গল নাটকের মধ্যযুগের বাংলা নাট্যআঙ্গিক আর মঙ্গলকাব্যের উপাখ্যানের ধারা মিলে গেল এক স্রোতে। এ নাট্যে গ্রামীণ জীবনের ঘেরাটোপে গীত হয় পাবনা অঞ্চলের প্রচলিত গান :

আনন্দ আন্দে সুন্দরী তার নাকে নড়ে সুনা,
তৈলত ভাজিয়া তুলে শাল শৈলের পোনা।

শুধু মৌলিক কাহিনিতেই নয় অনুবাদ নাটকেও মিলল দেশজ লোকসংগীতের সহযোগ। রুশ নাট্যকার নিকোলাই গোগোলের The Government Inspector এস.এম. সোলায়মানের রূপান্তরে হলো ইন্সপেক্টর জেনারেল। দেশভেদে আপনভূমের প্রেক্ষাপটে প্রকাশ পেল সরকারি আমলাবিধির নগ্ন চেহারা। সঙ্গী মঞ্চগানে ফুটে উঠল ব্যঙ্গ। ‘আল্লা ম্যাঘ দে পানি দে’-র আদলে সোলায়মান রচনা করলেন :

আল্লা হিম্মত দে সাহস দে
ত্যাল মারিতে।
জায়গা মতো মারতে পারলে
খাঁটি সরষার ত্যাল
হাজার চুরি করার পরেও
খাটতে হয় না জ্যাল।

আবার বলরাম পণ্ডিতের নাট্য অবলম্বনে জামিল আহমেদ আর সোলায়মানের রূপান্তর তালপাতার সেপাই। এ মঞ্চ নাটকের গানে সোলায়মান বাউল-ফকিরির মিশেলে রচনা করেছেন মানব জীবনের মর্মকথা :

আমি তীর্থে যাব, তীর্থে যাব
সোঁদা মাটির গন্ধ লব।
আমি করব সিনান নিমের জলে
চন্দন মেখ মোর কপোলে
আমি সেজে গুজে উঠব খাটে
চলব পথে বরের বেশে।

সোঁদা মাটির গন্ধে বাংলাদেশের মঞ্চে আজও বহমান জীবনসন্ধানী পরিক্রমা — সঙ্গী মঞ্চগান।

ড. দেবজিত্ বন্দোপাধ্যায় : গবেষক

জীবন থেকে নেয়া

ফেরদৌসী মজুমদার

এতদিনে আমার উপলব্ধি হচ্ছে যে শিক্ষা, জানা, এসবই আসে প্রকৃতি, পরিবার, পরিজন, পরিবেশ, বন্ধুবান্ধব থেকে বিভিন্ন দেশ ঘুরে। এতে কোনো সন্দেহ নেই। প্রাতিষ্ঠানিক শিক্ষাটা প্রধান নয়- রবীন্দ্রনাথ, লালন, আরও কত শত গুণীজন কবি, শিল্পী, সাহিত্যিক, চিত্রশিল্পী সবার বেলাতেই এ সত্য প্রমাণিত হয়েছে। চিত্রশিল্পী জয়নুল আবেদিন, মাত্র দশম শ্রেণি পর্যন্ত পড়ে কিংবা কামরুল হাসান এঁরা কি জানতেন দুর্ভিক্ষ দেখে আঁকিবুকি করে, কিংবা তিনকন্যার স্নানের ছবি এবং গামছা দিয়ে চুল ঝাড়ার দৃশ্য এঁকে মানুষের মনে এতখানি জায়গা করে নেবেন? জগদ্বিখ্যাত হয়ে চিরস্মরণীয় হয়ে থাকবেন? তাঁদের সবারই ছবির বিষয়বস্তু তো চির পরিচিত জগৎ থেকেই নেওয়া- বায়বীয় কিছু নয়। যা কিছু এঁকেছেন চিরস্মরণীয় হবার জন্যে আঁকেননি কিন্তু মনের আনন্দে এঁকে গেছেন। আমি তো কোন ছার! আজ আমি বলতে বাধ্য হচ্ছি এবং পুলকিত হচ্ছি নিজের অভিনব আবিষ্কার ও উপলব্ধিতে বিস্মিত হচ্ছি যখন হাতড়ে বেড়াই কোত্থেকে শিখলাম সামান্য হলেও এ অভিনয়-কলা – যখন মানুষ আমাকে এ সম্পর্কে প্রশ্ন করে আমি গুছিয়ে উত্তর দিতে পারি না। কারণ অকপটে আমার মুখ দিয়ে বেরিয়ে আসে, সেভাবে আমি তো কিছু শিখিনি- যেটুকু শিখেছি, যা কিছু দেখেছি – আমার পরিবারে, আমার চারপাশের বিচিত্র চরিত্রের মধ্যে। তাই ই বোধহয় হওয়া উচিত। পরিবার থেকে, বাবা-মা ভাইবোনদের থেকে নিয়ে আসা মালমশলাকে সম্বল করে, পরবর্তী সময়ে আমার নাট্যগুরু আবদুল্লাহ আল-মামুন আমাকে হাত ধরে একটু একটু করে, আমায় অভিনয়ের পথে এগিয়ে নিয়ে গেছেন। প্রথমে অবশ্য আমার মনে সাহস জাগিয়ে আমায় এ পথে এনেছিলেন আমার অগ্রজ শহীদ মুনীর চৌধুরী। আসলে আমরা তো সবাই সবার সঙ্গে এক অর্থে অভিনয় করেই চলেছি- আমাদের অজান্তেই সেটা হয়ে যাচ্ছে – diplomatic way তে চলাটাই তো এক ধরনের অভিনয়, জীবনে চলতে গেলে যেটার প্রয়োজন অস্বীকার করা যায় না।

আমি মঞ্চ, টেলিভিশন, চলচ্চিত্র, রেডিও সব মাধ্যমেই কম-বেশি অভিনয় করেছি- আমার অভিজ্ঞতা বলে সব মাধ্যমে প্রয়োজন যা, তা হচ্ছে–

১. সৌন্দর্যবোধ বা Aesthetic sense
২. পর্যবেক্ষণ (observation), অবলোকন, উপলব্ধি
৩. উচ্চারণ, সংলাপ প্রক্ষেপণ
৪. দম (প্রাণায়াম), শ্বাস নেওয়া ছাড়া বা ডায়াফ্রাম ব্রিদিং
৫. কণ্ঠস্বর ও স্বরের ওঠানামা (modulation)
৬. Scanning (যতি বিরতির) তাৎপর্য

এগুলোরও পুঁথিগত সংজ্ঞা বা ব্যাখ্যা আছে যেটার ব্যাপারে আমার কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা ছিল না- পরবর্তী সময়ে আবদুল্লাহ আল-মামুনের শিক্ষা এবং একটু একটু পড়ে, একটু একটু করে শিখেছি- দেখলাম এগুলো আমি আমার বাবার সংসার থেকেই জেনে এসেছি কেবলমাত্র এই বিশেষ বিশেষ term গুলো অজানা ছিল। আর আমার কর্মশীল বাবাও জানতেন না তাঁর অজান্তেই তিনি এমন কিছু শেখাচ্ছেন যা আমার অভিনয়ে ভীষণভাবে সহায়ক হবে।

এ কারণেই বোধ হয় বলা হয় – Home is the best school এ বাক্য যথার্থ ও সর্বতোভাবে সর্বক্ষেত্রে এমনকি স্কুল-কলেজেও শিক্ষার্থীদের ক্ষেত্রে অক্ষরে অক্ষরে প্রযোজ্য। স্কুলে যাই প্রশিক্ষণ দেয়া হোক না কেন পারিবারিক শিক্ষা বা যত্ন ছাড়া সে শিক্ষা ফলপ্রসূ বা সম্পূর্ণ বা অর্থবহ হয় না। পৃথিবীতে অনেক জ্ঞানীগুণী মনীষী আছেন যাঁরা সুশিক্ষিত- প্রকৃতিই তাঁদের স্কুল, পরিবার পরিবেশই তাঁদের বিদ্যাপীঠ।

আমি বলছিলাম যে আমার জীবন থেকে শিক্ষা নিয়েছি এবং পরে তা লালন করেছি। তবে এটা ধ্রুব সত্য, ভালো অভিনয় করতে গেলে আমি বুঝেছি- সেটা একক হোক আর সামগ্রিকভাবে একটি পূর্ণাঙ্গ নাটক হোক সংলাপটা কিন্তু হাতের মুঠোয় থাকতে হবে। সংলাপ ভীষণভাবে মুখস্থ থাকতে হবে- আর সেটা করতে হলে দিনরাত চব্বিশ ঘণ্টা নাটকের লাইন আওড়াতে হবে- শয়নে স্বপনে প্রাণমনজুড়ে থাকবে সংলাপ – মাথায় সর্বক্ষণ সংলাপগুলো ধারণ করতে হবে। যাতে নাটকে কথাগুলো অজান্তে বেরিয়ে আসে- তবেই তো অভিনয়টা স্বচ্ছন্দ ও স্বাভাবিক হবে। কারণ সংলাপ নাটকের প্রাণ যে! একে অবহেলা করলে তো দর্শকের প্রতি, নাট্যকারের প্রতি অবিচার করা হবে।

ধরা যাক- অভিনয়ে প্রথম প্রয়োজন 'সৌন্দর্যবোধ'। নাটক যখন জীবনেরই প্রতিচ্ছবি - তাহলে সে জীবনে সৌন্দর্যবোধ অপরিহার্য। মা বলতেন - 'চপচপ করে খেয়ো না, পা নাচিয়ো না, বড় বড় পা ফেলে হেঁটো না, হেড়ে গলায় কথা বলো না, এমন রংয়ের পোশাক পরো না যেটা অন্যের চোখকে পীড়া দেবে।' নাটকেও তো এসবের প্রয়োজন হয়। আমরা মঞ্চোপযোগী রং বেছে নেই- সব চরিত্রের সঙ্গে মিল রেখে পেছনের পর্দার কথা ভেবে, বিশেষ একটা কি দু'টো রং বেছে নেই- যেমন- ব্রাউন বা চকোলেট, লাল কিংবা সাদা, অথবা লাল-কালো, সবটাই নাটকের বিষয়বস্তু মাথায় রেখেই করা হয়।

বাস্তব জীবনে যেমন আমার চতুষ্পার্শ্বের মানুষজনের কথা ভেবে, স্থান-কাল ভেবে, সমাজের কথা ভেবে পোশাক আশাক পরতে হয় - মঞ্চেও দর্শকদের কথা মাথায় রেখেই নাটকের বিষয়কে প্রাধান্য দিয়ে পোশাক নির্বাচন করতে হয়। তারপর ধরুন 'পর্যবেক্ষণ' (observation)। আমাদের সবারই উচিত বিশেষ করে অভিনেতাদের চোখ কান খোলা রেখে অবশ্যই পথ চলা উচিত।

দমের কথা একটু বলি। এ দমকে বাবা খুব গুরুত্ব দিতেন। ভাগ্যিস দিতেন- তা না হলে অভিনয় করতে এসে এই দমের অভাবে মরেই যেতাম। দীর্ঘ সংলাপের ক্ষেত্রে এ দম যে কতখানি জরুরি, তা এখন বুঝি।

আমার বাবা কথা বলার সময় অহেতুক চৌদ্দবার নিশ্বাস নেওয়া মোটেই পছন্দ করতেন না। বলতেন, 'কথার মাঝখানে মাঝখানে বাচ্চাদের মতন ঢোক গিলি গিলি, নিঃশ্বাস লই লই কথা কস কা? একবারে গুছাই লই, প্রয়োজনমতো শ্বাস ফালাই কথা কবি।' যেটাকে বোধ হয় ডায়াফ্রাম ব্রিদিং বলে- যেখানে স্ক্যানিং বা যতি বিরতির প্রশ্ন আসে আমি যদি প্রয়োজন মাফিক কোনো বাক্য বা অনুচ্ছেদে একটু না থামি – তবে কিন্তু অর্থই পাল্টে যায় - বা অর্থই হয় না।

ফেরদৌসী মজুমদার : অভিনেতা ও নির্দেশক

অভিনয়ে স্বর ও বাচনের গুরুত্ব

ভাস্বর বন্দ্যোপাধ্যায়

প্রাচীনকাল থেকেই নাট্যকলা শাস্ত্রে অভিনয় কলার নানান রকম তত্ত্ব, ব্যাখ্যা ও ব্যবহারিক উপযোগিতা নিয়ে আলোচনা হয়েছে। গ্রন্থসূত্রে পাঠ করে আমরা জানতে পেরেছি, প্রাচীনকাল থেকে ভরতের নাট্যশাস্ত্রে অভিনয়ের প্রকারভেদ নিয়ে আলোচনা চলে আসছে। আঙ্গিক, বাচিক, আহার্য ও সাত্ত্বিক অভিনয়-এর মধ্যে বাচিক অভিনয়ের গুরুত্ব অপরিসীম। প্রকারভেদ থাকলেও অভিনয় যখন আমরা দেখি, গোটা অভিনয় বা সম্পূর্ণ অভিনয়টাই দেখি। দর্শক-শ্রোতার যোগাযোগের জন্য, গল্পের গতিপথকে এগিয়ে নিয়ে যাবার জন্য ভাষার প্রয়োজন, উপযুক্ত চরিত্রের মুখে সংলাপ বসিয়ে, সেই সংলাপের রীতি-নিয়ম মেনে উচ্চারণ বাচিক অভিনয়ের কথাই মনে করিয়ে দেয়।

বিদেশি চলচ্চিত্রে, নাটকের অভিনয়ে বাচিক অভিনয়ের ব্যাপারটাকে অনেক গুরুত্ব দেয়া হয়। চার্লস লটন, স্যার জন গিলগুড, স্যার লরেন্স অলিভার, রিচার্ড বার্টন, পিটার ওটুল, শম্ভু মিত্র, উৎপল দত্ত, অজিতেশ বন্দ্যোপাধ্যায় এবং আরও বেশ কিছু নামী-দামী অভিনেতা আছেন যাদের অভিনয়ের মূল সম্পদই হলো বাচিক অভিনয়। এঁদের বাচিক অভিনয়ে স্বরের প্রয়োগ, স্বরের ওঠানামা, যথার্থ রস-ভাব-আবেগ-এর প্রকাশ ও উচ্চারণের শুদ্ধতা অভিনেতার এক ধরনের ব্যক্তিত্ব গড়ে তোলে এবং এই ব্যক্তিত্বই তাকে অভিনয়ের শীর্ষে নিয়ে যায়।

স্বরচর্চা বা সারগাম চর্চার মাধ্যমে গলা তৈরি করা, যার মাধ্যমে যেকোনো ধরনের চরিত্রের গলার আওয়াজ বা ব্যক্তিত্বে আরোপ করার জন্যে এক নমনীয় স্বরযন্ত্র তৈরি করা যায়। যখন কোনো চরিত্রের রূপরেখার পরিকল্পনা করা হয় তখন প্রথমেই ঐ অভিনয় চরিত্রের আকার-আকৃতি, রূপসজ্জা (চুল, গোঁফ, দাড়ি) ও পোষাক পরিকল্পনার পর ঐ চরিত্রটি কোন গলায় কেমনভাবে সংলাপটি উচ্চারণ করবে, তখন একটা চরিত্রের গলার আওয়াজের ও সংলাপ প্রক্ষেপণের রূপরেখা বা পরিকল্পনা করা যায়।

বাংলাদেশে নাট্যচর্চায় অভিনয়ের ক্ষেত্রে বাচিক অভিনয় অকেটাই উপেক্ষিত। সম্মিলিতভাবে গান বা কোরাস অভিনয়ে কিছুটা অগ্রগতি হয়তো, কিন্তু একক ব্যক্তিগত বাচিক অভিনয়-এর দিকটা অতটা উন্নত হয়নি। চরিত্রের স্বর বৈশিষ্ট্য অর্জনের ক্ষেত্রে, প্রমিত ভাষার উচ্চারণের ক্ষেত্রে উন্নতিটা লক্ষণীয় নয়। নতুন প্রজন্মের অভিনেতাদের এ ব্যাপারে আরো যত্নবান ও সচেতন হতে হবে। এছাড়া চরিত্রের মনস্তাত্ত্বিক ও আবেগের ব্যাপারটা স্বরের রঙে রঞ্জিত করে প্রকাশের জন্য প্রশিক্ষণ ও চর্চা আরো নিবিড় হওয়া প্রয়োজন। স্বর ও বাচনের নানান খুঁটিনাটি দিক রয়েছে। সেগুলি নিয়ে অভিনেতারা যত বেশি কাজ করবেন, ততই বাচিক অভিনয়ের শিল্পসম্মত ও নান্দনিক রূপ প্রকাশিত হবে।

আমাদের শিক্ষক রয়েল একাডেমি অব ড্রামাটিক আর্টসের সিসিলি বেরী এবং ক্লাইভ বার্কারের কাছ থেকে শিখতে পেরেছি। ফ্রিৎজ বেনেডিট্জ-এর কাছে শিক্ষা গ্রহণ করেছি বাচিক অভিনয়ের বিষয়ে। কীভাবে স্বরকে নিয়ে নানান রকমভাবে খেলা করা যায়। ব্যারি জন এবং পিটার ব্রুক-এর কাছেও সংলাপ বলার কৌশল এবং ডেবোরা ওয়ার্ণার-এর কাছে চরিত্রের মুখের সংলাপ কীভাবে বৈশিষ্ট্যমণ্ডিত করা যায়, এসব শিক্ষা গ্রহণ করেছি। আমাদের দেশে নাটকের অভিনেতারা এত সূক্ষ্ম বিষয়গুলো নিয়ে ভাবেন না। মোটা দাগের বাচিক অভিনয়

দর্শকের মনের গভীরে রেখাপাত করতে পারে না, সব থেকে বড় জিনিস হলো বাচিক অভিনয়ে স্বরযন্ত্রের নমনীয়তা ও নিয়ন্ত্রণ-এর ব্যাপারটা নিজের আয়ত্ত্বগত হতে হবে।

স্বরের স্বচ্ছতা, উচ্চারণ, স্বরভঙ্গি, চরিত্রের বয়স ও আচরণ অনুযায়ী সংলাপ উচ্চারণ, সংলাপে বিরতির জায়গা, স্বরভঙ্গী, স্বরস্তর, সংলাপের ছন্দ, ইত্যাদি বাচিক অভিনয়ের বিষয়গুলি নিয়মিত চর্চার মধ্যে দিয়ে উন্নতির একটা পর্যায়ে নেয়া যেতে পারে। বাচিক অভিনয়কে স্কুলে, ইন্সটিটিউশানে গুরুত্বের সঙ্গে প্রশিক্ষণ দেওয়া এখন ভীষণ প্রয়োজনীয়।

ড. ভাস্বর বন্দ্যোপাধ্যায় : নির্দেশক, বাচিকশিল্পী ও শিক্ষক

স্বর ও বাচনরীতি ক্লাসে প্রয়াত শিক্ষক কাজী আবু জাফর সিদ্দিকী

২৭ বসন্ত পেরিয়ে

খুরশীদ আলম

থিয়েটার স্কুল আজ ২৭ বছর পেরিয়ে ৫ মাসের অধিক সময় পার করছে। ১৯৯০ সালের ২৪ আগস্ট তারিখে বেইলী রোডস্থ গাইড হাউজ মিলনায়তনে শুভ উদ্বোধনের মাধ্যমে থিয়েটার স্কুলের যাত্রা শুরু হয়। উদ্বোধন করেছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা। স্কুলের কার্যক্রম চলতো ইস্কাটন গার্ডেনে অবস্থিত ইস্কাটন গার্ডেন উচ্চ বিদ্যালয়-এ। দীর্ঘদিন সেখানে কার্যক্রম চলেছে এবং ভালোই চলেছে। যোগাযোগ ব্যবস্থা, ক্লাসরুমের আধিক্য, নিরাপত্তা, ছোট্ট একটা খেলাম মাঠ, নিজস্ব অফিস কক্ষ (যদিও ভাড়া করা) সবই ছিলো সেখানে। ক্রমে ক্রমে জায়গাটা হয়ে দাঁড়ায় নাটকের জন্য আদর্শ স্থান। বেশ কয়েকটি দল প্রায় প্রতিদিনই তাদের মহড়া করতো সেখানে। থিয়েটার স্কুলের কার্যক্রম চলতো সপ্তাহে তিন দিন বৃহস্পতি ও শনিবার বিকালে আর শুক্রবার সকালে। সেখান থেকে সরে আসতে হয় এক অনিবার্য কারণে।

থিয়েটার স্কুল কিন্তু হঠাৎ করেই উদ্বোধন হয়নি। স্কুল প্রতিষ্ঠার পূর্বে তিন মাসের একটি নাট্যকর্মশালার আয়োজন করেছিল দলীয় সদস্য সংগ্রহের জন্য। তাদের অনেকেরই আজকে জাতীয় ও আন্তর্জাতিকভাবে পরিচিতি আছে। তখন ব্যাপক সাড়া পাওয়া যায়। তাতেই অনুপ্রাণিত হয়ে থিয়েটার স্কুল প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণের অনুঘটক হিসাবে কাজ করে। এর জন্য দলীয় ও থিয়েটার অন্তপ্রাণ কিছু মনীষীর অনুকূল সিদ্ধান্ত কাজ করেছিল। আর মূল কাজটি করেছিলেন দু'জন থিয়েটার অন্তপ্রাণ পুরুষ রামেন্দু মজুমদার ও আবদুল্লাহ আল-মামুন আর প্রেরণাদায়ীনির কাজটি করেছিলেন ফেরদৌসী মজুমদার। রামেন্দু মজুমদার অর্থের দিকটি দেখেছেন। বিভিন্ন দেশের বিখ্যাত নাট্য শিক্ষায়তনের পাঠক্রম সংগ্রহ করে বাংলাদেশের উপযোগী করে থিয়েটার স্কুলের জন্য একটি পাঠক্রম তৈরী করে একটি দূরহ কর্ম যিনি সম্পাদন করেছিলেন তিনি আবদুল্লাহ আল-মামুন। সেই সাথে স্কুল পরিচালনার জন্যে একটি নীতিমালা ও কারা কোন দায়িত্ব পালন করবেন তারও নির্দেশনা দিয়েছিলেন। পাঠক্রম ও নীতিমালা দাদার তৎকালীন দিলু রোডের বাসায় থিয়েটার নাট্যগোষ্ঠীর প্রায় সকল সদস্যদের উপস্থিতিতে উপস্থাপন করেন আবদুল্লাহ আল-মামুন নিজেই। তিনি ঠিক করেছিলেন এভাবে – অধ্যক্ষ : অধ্যাপক কবীর চৌধুরী, উপাধ্যক্ষ : আবদুল্লাহ আল-মামুন, পাঠক্রম সমন্বয়কারী : ফেরদৌসী মজুমদার, সম্পাদক : রামেন্দু মজুমদার আর তত্ত্বাবধায়ক হিসাবে এই অধমের নাম ঘোষিত হয়। যদিও এই ঘোষণায় তাৎক্ষণিকভাবে তেমন কোনো প্রতিক্রিয়া হয়নি কেবলমাত্র আমার নাম নিয়ে থিয়েটার নাট্যগোষ্ঠীর একজন সদস্য আপত্তি তুলেছিলেন কিন্তু আবদুল্লাহ্ আল-মামুন সে আপত্তি আমলে নেননি। কিন্তু তার কিছুদিন পরেই আমাদের নাট্যগোষ্ঠীর কয়েকজন সদস্য গোষ্ঠী ত্যাগ করেন। সেই থেকে পথচলা শুরু আজ অবধি। বেঁচে থাকলে হয়তো আরো কিছুদিন থেকে যেতে হবে এখানে। এই পথ চলায় আমার প্রাপ্তি অনেক। আমি ফেরদৌসী আপার অপার স্নেহ পেয়েছি, রামেন্দুদার কাছ থেকে পেয়েছি ভালো মানুষ হবার আকাঙক্ষা, মামুন ভাইয়ের কাছ থেকে পেয়েছি নাট্যময় জীবন। তার হাত ধরেই আমি মিডিয়া, ফ্লিম, মঞ্চ-নাটক লেখা ও নির্দেশনার অনুপ্রেরণা লাভ করেছি, কবীর চৌধুরী আমাকে শিখিয়েছেন কাজের প্রতি মনোযোগী হবার ক্ষমতা। আমি কেবলই শিখেছি,

দেখেছি, বুঝতে চেষ্টা করেছি তাদের কাছ থেকে যারা বুদ্ধিজীবী হিসাবে বর্তমানেও বর্তমান। সৈয়দ মনজুরুল ইসলাম, মুস্তফা মনোয়ার, নরেন বিশ্বাস, আতাউর রহমান, মুত্তালিব বিশ্বাস এভাবে সকল শিক্ষক যারা থিয়েটার স্কুলে ক্লাস নিয়েছেন এবং এখনো নিচ্ছেন। তবে অধম আমি, যোগ্যতাহীন মানুষ একজন শিখেছি অনেক যেমন, বুঝিনিও অনেক তেমন।

গত হয়েছেন অনেকে যাদের কাছে আমি ব্যক্তিগতভাবে ঋণী। যে ঋণ কখনো পরিশোধযোগ্য নয় কোনো কিছুর বিনিময়ে শুধুমাত্র সম্মান জানানো ছাড়া। আবদুল্লাহ আল-মামুন গত হয়েছেন আমরা তাঁকে সম্মান জানিয়েছি থিয়েটার স্কুলের নামে আগে তার নাম যুক্ত করে। থিয়েটার স্কুল আজ 'আবদুল্লাহ্ আল-মামুন থিয়েটার স্কুল' নামে পরিচালিত হচ্ছে। সকলেই আবদুল্লাহ আল-মামুন থিয়েটার স্কুল নামেই চেনে ও জানে।

আমরা বর্তমানে শুধু ৬ মাস মেয়াদি অভিনয় বিষয়ক কোর্স পরিচালনা করি, যা পূর্বে ছিলো এক বছর মেয়াদি। অতীতে আমরা ঢাকার বাইরে তিনমাস মেয়াদি একটি কোর্স করাতাম। আমরা চৌদ্দটি জেলায় এই কোর্স সম্পন্ন করেছি। বিপুল সাড়া পেয়েছিলাম। এখনও অনেকের সাথে দেখা হলে জানতে চায়—আর কি হবেনা তেমন কোর্স? আমার জবাব দেবার কিছুই থাকে না। মানুষের মনে আশা জাগিয়ে আশা ভঙ্গের দায় বড়ো করুণ। আরো ছিলো বিষয়ভিত্তিক উচ্চতর কোর্স। শিক্ষা সফর ছিল বাৎসরিক আয়োজন। এখন আর সে সব হয় না। শুধু অর্থের কারণে।

